দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 21 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ৩ ......

# মেক্সিকোয় পুলিশের সঙ্গে শিক্ষকদের সংঘর্ষ ॥ নিহত ৬, আহত শতাধিক

মেক্সিকোর দক্ষিণাঞ্চলের ওয়াক্সাকা অঙ্গরাজ্যের আসুনসিওন নোচিক্সত্লান শহরে কয়েক হাজার শিক্ষক রবিবার সড়ক অবরোধ করে বিক্ষোভ করে। এ সময় পুলিশের সঙ্গে শিক্ষকদের ভয়াবহ সংঘর্ষে অন্তত ছয় জন নিহত ও শতাধিক ব্যক্তি আহত হয়েছে বলে কর্তৃপক্ষ জানিয়েছে। পুলিশ বিক্ষোভকারীদের লক্ষ্য করে কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। খবর এএফপি, বিবিসি ও আল-জাজিরার।

পুলিশ কর্মকর্তারা আন্দোলনকারীদের ওপর প্রাণঘাতী অস্ত্র ব্যবহার করেছে বলে যে খবর প্রকাশিত হয় কর্তৃপক্ষ তা অস্বীকার করেছে। সংঘর্ষের সময় বেশ কয়েকটি যানবাহনে আগুনও ধরিয়ে দেয়া হয়। ন্যাশনাল এডুকেশন ওয়ার্কার্স কোঅর্ডিনেশন (সিএনটিই) ইউনিয়নের নেতৃত্বে ওয়াক্সাকায় কয়েকদিন ধরে এই বিক্ষোভ চলছে। শিক্ষা সংস্কারের প্রতিবাদে এই আন্দোলনের ডাক দেয়া হয়েছে। পুলিশ ইউনিয়নের দুই নেতাসহ ২১ জনকে গ্রেফতার করেছে। ওয়াক্সাকার স্বাস্থ্য বিভাগ এক বিবৃতিতে জানায়, এই ঘটনায় ছয় জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। তাদের মৃতদেহ শনাক্ত করা হয়নি। তারা ৫৩ জনের আহত হওয়ার কথা জানায়। তবে এর আগে স্বাস্থ্যমন্ত্রী বলেছিলেন, সংঘর্ষে ৪৬ জন আহত হয়েছে। নাম প্রকাশ না করার শর্তে প্যারামেডিকসরা বলেন, নিহতদের দেহে গুলির জখম রয়েছে। এদের মধ্যে একজন শিশু ও দুজন প্রাপ্তবয়স্ক। প্রাপ্ত বয়স্কদের বয়স ২৩ বছর ও ২৮ বছর। তবে নিহত অপর তিনজনের ব্যাপারে কিছু জানা যায়নি। সরকার জানায়, আহতদের অনেককেই হাসপাতালে পাঠানোর আগে শহরের চার্চে নিয়ে যাওয়া হয়। আহতদের মধ্যে বেশ কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক। জাতীয় নিরাপত্তা কমিশন এক বিবৃতিতে জানিয়েছে, এই ঘটনায় ৪১ ফেডারেল ও ১৪ রাজ্য পুলিশ আহত হয়েছে। এদের মধ্যে আটজন গুলিবিদ্ধ হয়েছে। অপর ৫৩ জন বেসামরিক লোকও আহত হয়েছে। তারা আরও জানায়, মেক্সিকোর গণমাধ্যমগুলোতে প্রকাশিত পুলিশের রাইফেল ও হ্যান্ডগান ধরা ছবিগুলো 'সম্পূর্ণ মিথ্যা'। এক পৌরসভা পুলিশ কর্মকর্তা নাম প্রকাশ না করার অনুরোধ জানিয়ে বলেন, নগরীর পৌরভবনে একটি আগুন বোমা নিক্ষেপ করা হয়। অপর কর্মকর্তা বলেন, এই ঘটনায় ৩০ জনের বেশি লোককে গ্রেফতার করা হয়েছে।